ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৯

আগরতলা, ১৬ এপ্রিল, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'আদৌ জলাতঙ্ক হয়েছিল অভিজিতের ফের জিবি হাসপাতালে চিকিৎসা গাফিলতিতে রোগী মৃত্যুর অভিযোগ', এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ১১ এপ্রিল, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। জিবিপি হাসপাতালের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, রাজনগরের বাসিন্দা অভিজিৎ দাস (১৫) নামে এক ছাত্র গত ৮ এপ্রিল, ২০২৫ শান্তিরবাজার জেলা হাসপাতালে ভর্তি হয়। গত ৯ এপ্রিল, ২০২৫ তাকে জিবিপি হাসপাতালে রেফার করা হয়। ওই দিন ১২টা ৪৪ মিনিট নাগাদ তাকে জিবিপি হাসপাতালে ভর্তি করা হয়। অভিজিৎ দাসের উচ্চ তাপমাত্রার জ্বর ছিল এবং তার এনসেফ্যালাইটিস এর লক্ষণ ছিল।

এর পরের দিন গত ১০ এপ্রিল দুপুর ১১টা ৩০ মনিটে তার মৃত্যু হয়। জিবি হাসপাতালে চিকিৎসার গাফিলতিতে অভিজিৎ দাসের মৃত্যু হয়নি। মৃত্যুর কারণ জানার জন্য পোস্টমর্টেমের নির্দেশ দেওয়া হয়েছে। পোস্টমর্টেম রিপোর্টের পর মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।

*****